গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২১.১৪.০৩৮.১৩.৫৯৭

২৭ অগ্রহায়ণ ১৪২৩
তারিখ: ------------------
১১ ডিসেম্বর ২০১৬

# পরিপত্র

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ে 'নৈতিকতা কমিটি' গঠন।

সরকার কর্তৃক ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুমোদিত হয়। উক্ত কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে নৈতিকতা কমিটি গঠনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায় কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি গঠনের বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কোন কোন কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠিত হলেও বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়নি।

২। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাজেই মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের জন্য ১টি করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি গঠন ও কার্যপরিধি হবে নিম্নরূপ:

(ক) <u>কমিটির গঠন/কাঠামো:</u>

অফিসপ্রধানকে আহ্বায়ক করে উপযুক্ত যেকোন গ্রেডের ৩/৫ জন কর্মকর্তা/কর্মচারীকে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। এ কমিটির সদস্য-সচিব হিসাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট দায়িত্ব পালন করবেন।

(খ) <u>কার্যপরিধি:</u>

(১) সংশ্লিষ্ট মাঠ পর্যায় কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
(২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
(৩) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ; এবং
(৪) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

(গ) বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের বিশেষত্ব অনুযায়ী কমিটির কাঠামো ও কার্যপরিধি পরিবর্তন করা যেতে পারে। উল্লেখ্য, পদ্ধতিগত সমরূপতার চাইতে লক্ষ্য অর্জন গুরুত্বপূর্ণ। তবে কমিটির কার্যক্রম জাতীয় শুদ্ধাচার কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্ছনীয়।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল-এর কপি তাঁর মন্ত্রণালয়/বিভাগে ইতঃপূর্বে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (www.cabinet.gov.bd) উক্ত কপি পাওয়া যাবে।

৪। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের নৈতিকতা কমিটি গঠন নিশ্চিতকরণ ও গৃহীত কার্যাবলি পরিবীক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১১.১২.১৬

(খন্দকার সাদিয়া আরাফিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

<u>বিতরণ:</u>

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, কাকরাইল, ঢাকা

২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,........................................................................................., মন্ত্রণালয়/বিভাগ
৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০।

<u>সদয় অবগতি ও কার্যার্থে:</u>

১। চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/মহাপরিচালক/বিভাগীয় কমিশনার (সকল),...........................................................
২। জেলা প্রশাসক,...............................
৩। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। প্রোগ্রামার, মন্ত্রিপরিষদ বিভাগ (উপর্যুক্ত পরিপত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক সংস্কার অধিশাখা
**www.cabinet.gov.bd**

নং- ০৪.২২১.০১৪.০০.০৪.০১৯.২০১০-৪০০

তারিখঃ ২১ চৈত্র ১৪১৯ / ০৪ এপ্রিল ২০১৩

বিষয়ঃ **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি' গঠন।**

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর- ০৪.২২১.০১৪.০০.০৩.০১৯.২০১০-৩৩৮, তারিখ ২১ জানুয়ারি ২০১৩।

গত ২৮ মার্চ ২০১৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অন্যতম হচ্ছে সকল সকল মন্ত্রণালয়/বিভাগে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে একটি করে নৈতিকতা কমিটি গঠন। মন্ত্রণালয়/বিভাগে সচিবের নেতৃত্বে ও অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানদের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে। প্রয়োজনবোধে মন্ত্রণালয়/বিভাগের এক বা একাধিক কর্মকর্তা কমিটির অন্তর্ভুক্ত হতে পারেন। জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে প্রতিষ্ঠান-প্রধান/দ্বিতীয় ব্যক্তির নেতৃত্বে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে এ কমিটি গঠন করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের একজন কর্মকর্তা কমিটির সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন।

০২। নৈতিকতা কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

ক) সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
খ) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
গ) কর্মপরকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ;
ঘ) সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ; এবং
ঙ) মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানে শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

০৩। মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের বিশেষত্ব অনুযায়ী কমিটির কাঠামো ও কার্যপরিধি পরিবর্তন করা যেতে পারে। উল্লেখ্য, পদ্ধতিগত সমরূপতার চাইতে লক্ষ্য অর্জন গুরুত্বপূর্ণ। তবে, কমিটির কার্যক্রম জাতীয় শুদ্ধাচার কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্ছনীয়।

০৪। সূত্রে উল্লিখিত স্মারকে জাতীয় শুদ্ধাচার কৌশলের কপি তাঁর মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার কৌশল মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটেও (www.cabinet.gov.bd) পাওয়া যাবে।

০৫। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়ে নৈতিকতা কমিটি গঠনপূর্বক গৃহীত কার্যক্রম সম্পর্কে এ বিভাগকে (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, প্রশাসনিক সংস্কার ও বাস্তবায়ন) অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৪/৪/১৩

(ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান)
উপসচিব
ফোনঃ ৯৫১৩৬০২
ই-মেইলঃ *asad6531@gmail.com*

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)
.................................................................... মন্ত্রণালয়/বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০৩৮.১৩.০৬৫

তারিখ: ২১ চৈত্র ১৪২৪ / ০৪ এপ্রিল ২০১৮

**অফিস আদেশ**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গত ১৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৩৮.১৩.০৫৭ সংখ্যক স্মারকে গঠিত মন্ত্রিপরিষদ বিভাগের নৈতিকতা কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হল:

নৈতিকতা কমিটি

| ক্রমিক | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১। | মন্ত্রিপরিষদ সচিব | সভাপতি |
| ০২। | সচিব, সমন্বয় ও সংস্কার | সদস্য |
| ০৩। | অতিরিক্ত সচিব | সদস্য |
| ০৪। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি) | সদস্য |
| ০৫। | অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক) | সদস্য |
| ০৬। | অতিরিক্ত সচিব (সংস্কার) | সদস্য |
| ০৭। | অতিরিক্ত সচিব (সমন্বয়) | সদস্য |
| ০৮। | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠপ্রশাসন) | সদস্য |
| ০৯। | অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা ও রিপোর্ট) | সদস্য |
| ১০। | বিভাগীয় কমিশনার (সকল) | সদস্য |
| ১১। | উপসচিব (প্রশাসনিক সংস্কার) | সদস্য |
| ১২। | যুগ্মসচিব (ই-গভর্ন্যান্স) | সদস্য-সচিব |

২। নৈতিকতা কমিটির কার্যপরিধি:

ক) মন্ত্রিপরিষদ বিভাগ-এর আওতাধীন মাঠপ্রশাসনে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
খ) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন;
গ) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ;
ঘ) এ বিভাগে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ; এবং
ঙ) এ বিভাগের শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে প্রেরণ।

৩। কমিটির সদস্য-সচিব এ বিভাগের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন।
৪। নির্দেশক্রমে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

০৪।০৪।১৮

(খন্দকার সাদিয়া আরাফিন)
উপসচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০৩৮.১৩.০৬৫

তারিখ: ২১ চৈত্র ১৪২৪ / ০৪ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ
০৩। অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক), মন্ত্রিপরিষদ বিভাগ
০৪। অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
০৫। অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ
০৬। অতিরিক্ত সচিব (জেলা ও মাঠপ্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ
০৭। অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা ও রিপোর্ট), মন্ত্রিপরিষদ বিভাগ
০৮। বিভাগীয় কমিশনার (সকল), ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ
০৯। যুগ্মসচিব (ই-গভর্ন্যান্স), মন্ত্রিপরিষদ বিভাগ
১০। উপসচিব (প্রশাসনিক সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
১১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪।০৪।১৮

(খন্দকার সাদিয়া আরাফিন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২১.১৪.০৩৮.১৩.৫৯৬

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৩ / ১১ ডিসেম্বর ২০১৬

## পরিপত্র

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তর/সংস্থার কার্যালয়ে 'নৈতিকতা কমিটি' গঠন।

সরকার কর্তৃক ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুমোদিত হয়। উক্ত কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে নৈতিকতা কমিটি গঠনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থার কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি গঠনের বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় অধিদপ্তর/সংস্থার কোন কোন কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠিত হলেও অধিদপ্তর/সংস্থার সকল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়নি।

২। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাজেই মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থার কার্যালয়ের জন্য ১টি করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। অধিদপ্তর/সংস্থার কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির গঠন ও কার্যপরিধি হবে নিম্নরূপ:

(ক) কমিটি গঠন/কাঠামো:

অধিদপ্তর/সংস্থাপ্রধান-কে আহ্বায়ক করে এবং অধিদপ্তর/সংস্থাপ্রধান-এর অব্যবহিত পরের পদে কর্মরত কর্মকর্তাদের মধ্য থেকে ৩/৫ জন কর্মকর্তা/কর্মচারীকে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। এ কমিটির সদস্য-সচিব হিসাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট দায়িত্ব পালন করবেন।

(খ) কার্যপরিধি:

(১) সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
(২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
(৩) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ; এবং
(৪) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

(গ) দপ্তর/সংস্থার বিশেষত্ব অনুযায়ী কমিটির কাঠামো ও কার্যপরিধি পরিবর্তন করা যেতে পারে। উল্লেখ্য, পদ্ধতিগত সমরূপতার চাইতে লক্ষ্য অর্জন গুরুত্বপূর্ণ। তবে কমিটির কার্যক্রম জাতীয় শুদ্ধাচার কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্ছনীয়।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল-এর কপি তাঁর মন্ত্রণালয়/বিভাগে ইতঃপূর্বে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (www.cabinet.gov.bd) উক্ত কপি পাওয়া যাবে।

৪। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যালয়ের নৈতিকতা কমিটি গঠন নিশ্চিতকরণ ও গৃহীত কার্যাবলি পরিবীক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(খন্দকার সাদিয়া আরাফিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, কাকরাইল, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,.............................................................., মন্ত্রণালয়/বিভাগ
৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০।

সদয় অবগতি ও কার্যার্থে:

১। চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/মহাপরিচালক,..........................................................
২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। প্রোগ্রামার, মন্ত্রিপরিষদ বিভাগ (উপর্যুক্ত পরিপত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।